এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

রাজশাহী বোর্ড – ২০১৭

বিষয় কোড | ২ | ৫ | ৪ |

বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান—৭০**

[বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের পূর্ণমান ১০।)

ক - বিভাগ

১।

জনতা লি.

রেওয়ামিল, ৩১ ডিসেম্বর, ২০১৬

হিসাবের নাম	টাকা	টাকা
ইস্যুকৃত, বিলিকৃত ও আদায়কৃত মূলধন (১০টাকা মূল্যের ৩০,০০০ শেয়ার)		৩,০০,০০০
আসবাবপত্র ও সরঞ্জাম	১,০০,০০০	
প্রাপ্য হিসাব	৪০,০০০	
সুনাম	১,৫০,০০০	
নগদ	৫০,০০০	
মজুদ পণ্য (৩১.১২.২০১৬)	৪০,০০০	
৯% বন্ড		৬০,০০০
সঞ্চিতি তহবিল		২,০০০
অন্তবর্তীকালীন লভ্যাংশ	২০,০০০	
বিশদ আয় বিবরণী জের (৩১.১২.২০১৬)		৭,০০০
সংরক্ষিত আয় বিবরণী জের (১.১.২০১৬)		২৩,০০০
অগ্রীম ভাড়া	১২,০০০	
আয়কর ও আয়কর ফেরত	১৫,০০০	৫০০
দাবিহীন লভ্যাংশ		১৯,৫০০
প্রদেয় হিসাব		১৫,০০০
	৪,২৭,০০০	৪,২৭,০০০

তথ্যাবলি: i) শেয়ার প্রতি ২ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করতে হবে। ii) দাবিহীন লভ্যাংশের অর্ধেক অবলোপন করত হবে। iii) ৯% বন্ড বছরের মাঝামাঝি সময়ে ইস্যু করা হয়। iv) অন্তবর্তীকালীন লভ্যাংশকে চূড়ান্ত ঘোষণাকৃত লভ্যাংশের সাথে সমন্বয় করতে হবে।

ক) বন্ডের উপর প্রদেয় সুদের পরিমাণ নির্ণয় কর

খ) বছর শেষে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর।

গ) আর্থিক অবস্থার বিবরণী ছকে ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে শেয়ার মূলধন, সঞ্চিতি ও উদ্বৃত্ত এবং মোট দায়ের পরিমাণ দেখাও।

উত্তর : (ক) ২,৭০০ টাকা। (খ) ৫,২৫০ টাকা। (গ) ৩,০০,০০০ টাকা; ৭,২৫০ টাকা; ও ৮৭,৪৫০ টাকা।

২।

সাগর লি ঃ, রেওয়ামিল, ৩১ ডিসেম্বর, ২০১৬

হিসাবের নাম	টাকা	টাকা
শেয়ার মূলধন(১০,০০০ শেয়ার পূর্ণমূল্যে আদায়কৃত)		১,০০,০০০
ইজারা সম্পত্তি (১০ বছর)	২০,০০০	
সুনাম	৪১,০০০	
কলকব্জা	৬০,০০০	
মজুদ পণ্য (১.১.২০১৬)	১০,০০০	
ক্রয়	৮০,০০০	
বিক্রয়		১৪৫,০০০
মজুরি	১০,০০০	
ভাড়া আয়		৫,০০০
শেয়ার অধিহার		৫,০০০
রক্ষিত আয়		৪,০০০
নগদ	৩৮,০০০	
	২,৫৯,০০০	২,৫৯,০০০

সমন্বয়সমূহ : i) সমাপনি মজুদ পণ্য ৩০,০০০ টাকা। ii) ১.১০.২০১৬ তারিখে ক্রয়কৃত ৮,০০০ টাকার নতুন কলকজার সংস্থাপন ব্যয় ২,০০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত iii) ভাড়া আয় ৩,০০০ টাকা অগ্রিম গ্রহীত হয়েছে। iv) শেয়ার অধিহারকে সুনামের সাথে সমন্বয় কর এবং অবশিষ্ট সুনামের ১/8 অংশ চলতি বছরের মুনাফা দ্বারা অবলোপন কর। v) কলকজার উপর ১০% অবচয় ধরো।

ক) কলকজার অবচয়ের পরিমাণ নির্ণয় কর।

খ) যথাযথ ছকে বছর শেষে মোট লাভ নির্ণয় কর।

গ) আর্থিক অবস্থার বিবরণীর ছকে স্থায়ী সম্পদ ও চলতি দায়ের পরিমাণ দেখাও।

উত্তর : (ক) ৫,৪৫০ টাকা। (খ) ৭৭,০০০ টাকা। (গ) ১,০১,৫৫০ টাকা ও ৩,০০০ টাকা।

খ- বিভাগ

৩। উজালা সংঘের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি ও প্রদান বিবরণী নিম্নরূপঃ

বিবরণ			বিস্তারিত টাকা	পরিমাণ টাকা
জের	নগদ		১০,০০০	
	ব্যাংক জমা		১৫,০০০	২৫,০০০
যোগঃ	প্রাপ্তিসমূহঃ			
	চাঁদা		৪০,০০০	
	বৃত্তি তহবিল প্রাপ্তি		৩০,০০০	
	উইলকৃত সম্পদ		১০,০০০	
		মোট প্রাপ্তি		৮০,০০০
				১,০৫,০০০
বাদ :	প্রদানসমূহঃ			
	ছাপা খরচ		৯,০০০	
	বেতন প্রদান		২০,০০০	
	মেরামত খরচ		৬,০০০	
	বিলিয়ার্ড টেবিল ক্রয় (১.১০.২০১৬)		২০,০০০	
	বৃত্তি প্রদান		৭,০০০	
		মোট প্রদান		৬২,০০০
জের	নগদ		১৩,০০০	
	ব্যাংক জমা		৩০,০০০	৪৩,০০০

২০১৬ সালের ১ জানুয়ারিতে বিলিয়ার্ড টেবিল ২০,০০০ টাকা, আসবাবপত্র ২৫,০০০ টাকা, বৃত্তি তহবিল ১৬,০০০ টাকা, অনাদায়ী চাঁদা ২,০০০ টাকা।

অন্যান্য তথ্যাবলি ঃ স্থায়ী সম্পত্তির উপর ৫% হারে অবচয়ের ব্যবস্থা করতে হবে।

ক) ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে বৃত্তি তহবিলের জের নির্ণয় কর।

খ) প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় কর।

গ) ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে সমাপ্ত বছরের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর।

উত্তর : (ক) ৩৯,০০০ টাকা। (খ) ৫৬,০০০ টাকা (গ) ব্যয়াতিরিক্ত আয় ৫০০ টাকা।

৪। ঝুমা ও সোমা একটি অংশিদারি ফার্মের দুজন অংশীদার। ১ জানুয়ারি ২০১৬ তারিখের তারে মূলধন ছিল যথাক্রমে ১,৮০,০০০ ও ১,৬০,০০০ টকা। চুক্তি মোতাবেক মূলধন উত্তোলনের উপর ৫% হারে সুদ ধরতে হবে। ঝুমা প্রতি মাসে ১,৫০০ টাকা বেতন পাবেন। সারা বছরে ঝুমা ও সোমা ব্যবসায় থেকে যথাক্রমে ১৭,০০০ টাকা ও ১৬,০০০ টাকা উত্তোলন করেন। ১ অক্টোবর ২০১৬ তারিখে সোমা ব্যবসায়ে ১২,০০০ টাকা ঋণ হিসেবে আনেন।

উপরোক্ত সমন্বয়গুলো হিসাবভুক্ত করার পূর্বে ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে শেষ হওয়া বছরে ব্যবসায়ের নিট লাভ ছিল ১,৫০,০০০ টাকা।

ক) সোমার ঋণ হিসাব প্রস্তুত কর।

খ) লাভ-লোকসান বন্টন প্রস্তুত কর।
গ) অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর।

উত্তর : (ক) ১২,১৮০ টাকা (ক্রেডিট)। (খ) রুমা ৫৭,৮২৩; সোমা ৫৭,৮২২ টা.। (গ) রুমা ২,৪৭,৩৯৮; সোমা ২,০৯,৪২২ টা.

৫। আয়ন লিঃ এর তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপঃ

সম্পত্তিসমূহ	২০১৬ টাকা	২০১৫ টাকা
নগদ	৩৫,৭০০	২৬,৭০০
প্রাপ্য হিসাবসমূহ	৫৩,০০০	৫৮,০০০
দালান-কোঠা	১,৭৫,০০০	১,৭৫,০০০
পুঞ্জীভূত অবচয় (দালান-কোঠা)	(৩৭,৫০০)	(২৫,০০০)
জমি	৫০,০০০	৬৫,০০০
	২,৭৬,২০০	২,৯৯,৭০০
দায়দেনা ও শেয়ার মালিকদের তহবিলঃ		
প্রদেয় হিসাবসমূহ	৩০,০০০	৭৭,০০০
শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকার শেয়ার)	১,৮৭,৫০০	১,৭২,৫০০
সংরক্ষিত আয়	৫৮,৭০০	৫০,২০০
	২,৭৬,২০০	২,৯৯,৭০০

অতিরিক্ত তথ্যাদি : i) ২০১৬ সালের ঘোষিত ও পরিশোধিত লভ্যাংশ ছিল ৪৮,০০০ টাকা। ii) ১৫,০০০ টাকার জমি ১২,২০০ টাকায় বিক্রি করা হয়।
ক) ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে নিট আয় নির্ণয় কর
খ) পরোক্ষ পদ্ধতিতে ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের পরিচালন কার্যাবলি হতে নিট নগদ প্রবাহ নির্ণয় কর
গ) নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত কর (পরোক্ষ পদ্ধতিতে)

উত্তর : (ক) ৫৬,৫০০ টাকা। (খ) ২৯,৮০০ টাকা। (গ) নিট নগদ বৃদ্ধি ৯,০০০ টাকা।

৬। চৌধুরী সিরামিক লিঃ ১০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ার বিভক্ত ২,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনে নিবন্ধিত। কোম্পানি ১৫,০০০ শেয়ার বিক্রয়ের উদ্দেশ্যে বিজ্ঞপ্তি জারি করে। মোট ১৭,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায়। অতিরিক্ত অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীকে ফেরত দেয়া হয় এবং ১৫,০০০ শেয়ার বন্টন করা হয়। কোম্পানি শেয়ার প্রতি ০.৭৫ টাকা অবলেখককে কমিশন বাবদ প্রদান করে।
ক) কোম্পানির অবিলিকৃত মূলধনের পরিমাণ নির্ণয় কর।
খ) কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যখ্যার প্রয়োজন নেই)
গ) আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর।

উত্তর : (ক) ৫০,০০০ টাকা। (খ) জাবেদার যোগফল ৩,৫১,২৫০ টাকা। (গ) ১,৫০,০০০ টাকা।

৭। সানমুন লিঃ এর হিসাব বই থেকে নিম্নের আর্থিক তথ্য পাওয়া গেলঃ

বিবরণ	টাকা
মোট মুনাফা	৮৫,০০০
নিট মুনাফা	৩৭,০০০
বিক্রয়	২,৫০,০০০
বিনিয়োজিত মূলধন	২,০০,০০০
চলতি সম্পদ	৭৫,০০০
চলতি দায়	৪২,০০০
সমাপনি মজুদ পণ্য	১০,০০০

ক) বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় কর।
খ) মুনাফা অর্জন ক্ষমতা যাচাইয়ের জন্য দুটি অনুপাত নির্ণয় কর।
গ) চলতি দায় পরিশোধের ক্ষমতা যাচাইয়ের জন্য দুটি অনুপাত নির্ণয় কর।

উত্তর : (ক) ১,৬৫,০০০ টাকা। (খ) ৩৪% ও ১৪.৮০% (গ) চলতি অনুপাত ১.৭৯ ঃ ১ ও তারল্য অনুপাত ১.৫৫ ঃ ১।

৮। রায় এসোসিয়েটস এর কর্মকর্তা আশা ও নিশার ২০১৬ সালের এপ্রিল মাসের বেতন সংক্রান্ত তথ্যাদি নিম্নে প্রদত্ত হলোঃ

বিবরণ	আশা	নিশা
মূল বেতন	টাকা ৩০,০০০	টাকা ২৮,০০০
বাড়ি ভাড়া ভাতা (মূল বেতনের)	৪৫%	৪৫%
যাতায়াত ভাতা	টাকা ৪,০০০	টাকা ৪,০০০
আপ্যায়ন ভাতা	টাকা ৮০০	টাকা ৮০০
চিকিৎসা ভাতা	টাকা ৬০০	টাকা ৬০০
ভবিষ্য তহবিলে চাঁদা (মূল বেতনের)	১০%	১০%
যৌথ বিমায় চাঁদা (মূল বেতনের)	২%	২%
কল্যাণ তহবিলে চাঁদা (মূল বেতনের)	১%	১%
আয়কর (মূল বেতনের)	৫%	৫%
অগ্রিম বেতন কর্তন	৫,০০০	শূন্য
গৃহ নির্মাণ ঋণ কর্তন	শূন্য	টাকা ৮,০০০

প্রতিষ্ঠানের প্রভিডেন্ড ফান্ড কন্ট্রিবিউটরী এবং নিয়োগকর্তাও সমপরিমাণ দান করেন।

ক) প্রভিডেন্ড ফান্ডে জমার পরিমাণ নির্ণয় কর।

খ) মোট উপার্জন নির্ণয় কর।

গ) নিট পরিশোধের পরিমাণ নির্ণয় কর।

উত্তর : (ক) আশা ৬,০০০ টাকা নিশা ৫,৬০০ টাকা। (খ) ৫১,৯০০ ও ৪৮,৮০০ টাকা। (গ) ৩৮,৫০০ ও ৩২,৯৬০ টাকা।

৯। নাঈম গার্মেন্টস এর ২০১৬ সালের জুন মাসের কাঁচামাল সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপঃ

২০১৬ জুন ১ জের ৫০০ একক প্রতি একক ৪ টাকা দর।
৭ ক্রয় ৬০০ একক প্রতি একক ৫ টাকা দর।
১৮ ইস্যু ৭০০ একক।
২৫ ক্রয় ৩০০ একক প্রতি একক ৬ টাকা দর।
৩০ ইস্যু ৫০০ একক।

৩০ জুন তারিখে কাঁচামালের মজুদ ১৫০ একক।

ক) ঘাটতি একক নির্ণয় কর।

খ) FIFO পদ্ধতিতে বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় কর।

গ) ভারযুক্ত গড় ব্যয় পদ্ধতিতে বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় কর।

উত্তর : (ক) ৫০ একক। (খ) ৫,৬০০ টাকা। (গ) ৫,৭৬৭ টাকা।

১০। রহমান স্টিলস একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। ২০১৬ সালের নভেম্বর মাসের ব্যয় নিম্নরূপঃ

i) কারাখানার মেশিন ভাড়া ৩০০০ টাকা।
ii) কারাখানার সুপারভাইজারের বেতন ১৬,০০০ টাকা।
iii) কারাখানার তাপ ও পানি বাবদ ব্যয় ২০০০ টাকা।
iv) কারাখানা মেশিনের বার্ষিক অবচয় ২,৫০০ টাকা।
v) বিক্রিত পণ্য ডেলিভারী ভ্যানের অবচয় ১,০০০ টাকা।
vi) বিজ্ঞাপন খরচ ২,৪০০ টাকা।
vii) গুদামজাতকরণ কর্মীল বেতন ৫,০০০ টাকা।
viii) অফিস অভ্যর্থনাকারীর বেতন ৪,০০০ টাকা।

ক) নিমজ্জিত ব্যয়ের পরিমাণ নির্ণয় কর।

খ) কালীন ব্যয়ের পরিমাণ নির্ণয় কর।

গ) পণ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় কর।

উত্তর : (ক) নিমজ্জিত ব্যয়ের তথ্য নেই (খ) ১২,৪০০ টাকা। (গ) ২৩,৫০০ টাকা।

১১। একটি পণ্য উৎপাদনে একক প্রতি ৪ টাকার কাঁচামাল ও ২ টাকা প্রত্যক্ষ মজুরি বাবদ ব্যয় হয়। কারখানা ভাড়া ও অন্যান্য স্থায়ী ব্যয় বাবদ ২০,০০০ টাকা ব্যয় হয়। পণ্যটির বিক্রয় মূল্য ১০ টাকা নির্ধারণ করা হয়। বিক্রয় লক্ষ্যমাত্রা ধরা হয় ৭,০০০ টাকা।

ক) একক প্রতি দত্তাংশ নির্ণয় কর।

খ) কত একক পণ্য এবং কত টাকার পণ্য বিক্রয় করলে কোন লাভ বা ক্ষতি হবে না নির্ণয় কর।

গ) নিরাপত্তা প্রাপ্ত (একক) এবং মুনাফার পরিমাণ দেখাও।

উত্তর : (ক) ৪ টাকা। (খ) ৫,০০০ একক ও ৫০,০০০ টাকা। (গ) ২,০০০ একক ও ৮,০০০ টাকা।

বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৪ |

বহুনির্বাচনি অভিক্ষা

সময় ঃ ৩০ মিনিট — পূর্ণমান—৩০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। অব্যবসায়ী প্রতিষ্ঠানসমূহের আয়ের প্রধান উৎস-
(ক) পণ্য বিক্রয় (খ) সেবা প্রদান (গ) চাঁদা (ঘ) অনুদান

২। নয় মাসের অফিস ভাড়া প্রদত্ত হয়েছে ২৯,২৫০ টাকা। এক বৎসরে বকেয়া ভাড়ার পরিমাণ কত?
(ক) ৮৪৫০ টাকা (খ) ৯,৫৫০ টাকা (গ) ৯,৭৫০ টাকা (ঘ) ১০,২৫০ টাকা

৩। যৌথ মূলধনী করাবারের আদায়কৃত মুলধনর ক্ষুদ্র ক্ষুদ্র এককের নাম-
(ক) বন্ড (খ) শেয়ার (গ) রাইট শেয়ার (ঘ) অগ্রাধিকার শেয়ার

৪। দত্তাংশ নির্ণয়ের সূত্র কোনটি?
(ক) ক্রয়+ স্থায়ী ব্যয় (খ) বিক্রয়- পরিবর্তনশীল ব্যয় (গ) বিক্রয়+ পরিবর্তনশীল ব্যয় (ঘ) ক্রয়+ পরিবর্তনশীল ব্যয়

নিচের উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাওঃ

প্রিতম, পাপ্পু এবং পাপন তিন জন সমান অংশীদার। প্রিতম প্রতি মাসের প্রথম ৬০০ টাকা, পাপ্পু প্রতি মাসে ৮০০ টাকা এবং পাপন প্রতি মাসের শেষে ১,০০০ টাকা করে উত্তোলন করে।

৫। এক বৎসরে অংশীদারদের মোট উত্তোলনের পরিমাণ কত?
(ক) ১৭,২০০ টাকা (খ) ১৯,৬০০ টাকা (গ) ২২,৩০০ টাকা (ঘ) ২৮,৮০০ টাকা

৬। উত্তোলনের উপর বার্ষিক সুদের হার ১০% হলে পাপন মোট কত টাকা সুদ হিসাবে প্রদান করবে?
(ক) ১,২০০ টাকা (খ) ৬০০ টাকা (গ) ৫৫০ টাকা (ঘ) ৫০০ টাকা

৭। যে সকল ব্যয় উৎপাদনের পরিমাণের হ্রাস বৃদ্ধির ফলে পরিবর্তিত হয় কিন্তু একক প্রতি স্থায়ী থাকে, তাদেরকে বলে-
(ক) স্থির ব্যয় (খ) একক প্রতি ব্যয় (গ) আধা পরিবর্তনশীল ব্যয় (ঘ) পরিবর্তনশীল ব্যয়

৮। বিন কার্ডের অন্তর্ভুক্তি বিষয় হল-
i) মালের আগমন ii) মালের নির্গমন iii) মালের দর
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৯। অংশীদারদের চলতি হিসাবের ডেবিট উদ্বৃত্ত কি প্রকাশ করে?
(ক) দায় (খ) আয় (গ) সম্পদ (ঘ) ব্যয়

১০। রূপান্তর ব্যয় হলো-
(ক) কাঁচামালের ব্যয়+ মজুরি ব্যয় (খ) কাঁচামালের ব্যয়+ উপরি ব্যয় (গ) মজুরি ব্যয়+ উপরি ব্যয় (ঘ) মজুরি ব্যয়+ প্রশাসনিক ব্যয়

নিচের উদ্দীপকটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :

জালাল লিমিটেড এর ১ জানুয়ারি ২০১৬ তারিখে ৫০,০০০ টাকার যন্ত্রপাতি ছিল। সে বছর আরও ৪০,০০০ টাকা নতুন যন্ত্রপাতি ক্রয় করে। তার পরিবহন বাবদ ৫,০০০ টাকা এবং সংস্থাপন ববদ ১২,০০০ টাকা ব্যয় কর হল। বছর শেষে আর্থিক বিবরণীতে ঐ যন্ত্রের মূল্য প্রদর্শিত হয়েছে ৯৪,১৬০ টাকা।

১১। আয় বিবরণীতে কত টাকা অবচয় হিসেবে দেখানো হয়েছে?
(ক) ১২,৮৪০ টকা (খ) ১৩,২৪০ টাকা (গ) ১৪,১৬০ টাকা (ঘ) ১৫,১৪০ টাকা

১২। প্রতিষ্ঠানটির অবচয় ধার্যের হার কত ছিল?
(ক) ৮% (খ) ১০% (গ) ১২% (ঘ) ১৫%

১৩। উষা সেবা সংঘের মোট সদস্য সংখ্যা ৮৯০ জন। বার্ষিক চাঁদার হার সদস্য প্রতি ৫০ টাকা। চলতি বছরে ৯০ সদস্য এখনও চাঁদা প্রদান করেননি। আয়-ব্যয় হিসাবে চাঁদা বাবদ কত টাকা দেখানো যাবে?
(ক) ৪০,০০০ টাকা (খ) ৪২,০০০ টাকা (গ) ৪৪,৫০০ টাকা (ঘ) ৪৫,০০০ টাকা

১৪। বৎসরের শুরুতে জালাল ও হেলালের চলতি হিসাবের ডেবিট উদ্বৃত্ত ছিল। ডেবিট উদ্বৃত্তকে ক্রেডিট উদ্বৃত্ত করতে হলে-
i) মুনাফার পরিমাণ বাড়াতে হবে ii) মূলধনের সুদের হার বাড়াতে হবে iii) উত্তোলনের পরিমাণ কমাতে হবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৫। রাইট বা অধিকার ইস্যু কাদের মধ্যে বন্টন করা হয়?
(ক) পুরাতন শেয়ারহোল্ডারদের মধ্যে (খ) নতুন শেয়ারহোল্ডারদের মধ্যে (গ) পরিচালকদের মধ্যে (ঘ) কর্মচারীদের মধ্যে

১৬। দীর্ঘমেয়াদী দায় ও মালিকানা তহবিলের সমষ্টি হল-
(ক) বিনিয়োজিত তহবিল (খ) মূলধন তহবিল (গ) বহির্দায় তহবিল (ঘ) দীর্ঘমেয়াদী তহবিল

১৭। স্বল্পমেয়াদী দায় পরিশোধের ক্ষমতা নির্ণয়ের অনুপাতকে বলে-
(ক) ত্বরিত অনুপাত (খ) চলতি অনুপাত (গ) দায়-মালিকানা অনুপাত (ঘ) দায়-সম্পদ অনুপাত

১৮। কার্যকরি মূলধন নির্ণয়ের প্রয়োজন-

i) চলতি মূলধন ii) চলতি দায় iii) চলতি সম্পদ নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :

হেলাল এন্ড কোং এর ২০১৫ সালে ৩,০০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ১০,০০০ টাকার ক্ষতি হয় পক্ষান্তরে ২০১৬ সালে ৩,৬০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ২০,০০০ টাকা মুনাফা হয়।

১৯। কোম্পানির দত্তাংশের হার কত?

(ক) ৩০% (খ) ৪০% (গ) ৫০% (ঘ) ৬০%

২০। প্রতিষ্ঠানটির২০১৬ সালে নিরাপত্তা প্রান্ত কত টাকা?

(ক) ২০,০০০ টাকা (খ) ৩০,০০০ টাকা (গ) ৪০,০০০ টাকা (ঘ) ৫০,০০০ টাকা

২১। নিচের কোন দফাটি প্রাপ্তি ও প্রদান হিসাবের অন্তর্ভুক্ত নয়?

(ক) অগ্রিম চাঁদা (খ) বকেয়া চঁদা (গ) অনুদান (ঘ) উইলকৃত ধন দৌলত

২২। বিক্রয় মূল্যের উপর ২৫% মুনাফা ধার্য করা হলে ক্রয়মূল্য অথবা উৎপাদন ব্যয়ের উপর ধার্যকৃত মুনাফার হার কত হবে?

(ক) ১৬.৬৭% (খ) ২০% (গ) ৩৩.৩৩% (ঘ) ৫০%

২৩ ।আয় বিবরণী তৈরি করার সময় মুনাফাবিহীন বিক্রয়-

i) বিক্রয় থেকে বাদ যায় ii) ক্রয়থেকে বাদ যায় iii) মুনাফাথেকে বাদ যায় নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাওঃ

মুন কোম্পানি লিমিটেডের অনুমোদিত মূলধনের পরিমাণ ৩০,০০০ শেয়ার প্রতিটি ১০০ টাকা। কোম্পানির অনুমোদিত মুলধনের ৬০% শেয়ার অভিহিত মূল্যের চাইতে ৮% অধিহারে বাজারে ছাড়লো। ইস্যুকৃত শেয়ারের চাইতে অতিরিক্ত ৪০% শেয়ার আবেদন হিসেবে পাওয়া গেল।

২৪। অধিহার বাবদ কত টাকা আর্থিক বিবরণীতে প্রদর্শিত হবে?

(ক) ১,৪৪,০০০ টাকা (খ) ১,৮৮,০০০ টাকা (গ) ২,০১,৬০০ টাকা (ঘ) ২,৪০,০০০ টাকা

২৫। কোম্পানি নগদান হিসাবে শেয়ার ইস্যু বাবদ কত টাকা ডেবিট করবে?

(ক) ৩২,৪০,০০০ টাকা (খ) ১৯,৪৪,০০০ টাকা (গ) ১৮,৮০,০০০ টাকা (ঘ) ২৭,২১,৬০০ টাকা

২৬। বিলম্বিত বিজ্ঞাপন কোন ধরণের সম্পদ?

(ক) চলতি (খ) স্থায়ী (গ) কাল্পনিক (ঘ) অস্পর্শণীয়

২৭। কোন কোম্পানির কর পরবর্তী মুনাফা ৪,৫০,০০০ টাকা। যদি করের হার ৪০% হয় তবে কর পূর্ব মুনাফার পরিমাণ কত?

(ক) ৭,০০,০০০ টাকা (খ) ৭,৫০,০০০ টাকা (গ) ৮,০০,০০০ টাকা (ঘ) ৮,৫০,০০০ টাকা

নিচের উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাওঃ

সায়েম ইলেক্ট্রনিক্স VR BOX উৎপাদক। বিগত বৎসরে তাদের উৎপাদিত পণ্যের প্রারম্ভিক উদ্বৃত্ত ছিল ৫০ একক এবং সমাপনি মজুত পণ্যের পরিমাণ ছিল ৮০ একক। সে বছর তারা ১৭০ একক পণ্য বিক্রয় করেছিল। ব্যয় বিশ্লেষণ করে দেখা গেল যে, কাঁচামাল ব্যবহার হয়েছে ৬০,০০০ টাকা। মজুরি ব্যয় ৪০,০০০ টাকা ,উপরিব্যয় মজুরির ৮০%, প্রশাসনিক ও বিক্রয় ব্যয় উপরিব্যয়ের ৫০%।

২৮। যদি বিক্রয় মূল্যের উপর ২০% লাভ ধার্য করা হয় তবে একক প্রতি বিক্রয় মূল্য কত হবে?

(ক) ৯০০ টাকা (খ) ৯২৫ টাকা (গ) ৯৫০ টাকা (ঘ) ১,০০০ টাকা

২৯। যদি একক প্রতি বিক্রয় বিক্রয় মূল্য ৯৬২ টাকা র্নিধারণ করা হয় তবে এ উৎপাদন ব্যয়ের উপর মুনাফার হার কত?

(ক) ১০% (খ) ২০% (গ) ২৩% (ঘ) ৩০%

৩০। FOB Shipping Point বলতে বুঝি–

(ক) আন্তঃবহন ব্যয় ক্রেতা বহন করবে (খ) আন্তঃবহন ব্যয় বিক্রেতা বহন করবে

(গ) বর্হিবহন ব্যয় বিক্রেতা বহন করবে (গ) বর্হিবহন ব্যয় ক্রেতা বহন করবে

উত্তরপত্র :

১। গ	২।গ	৩।খ	৪। খ	৫। ঘ	৬। গ	৭। ঘ	৮। ক	৯। গ	১০। গ	১১। ক	১২। গ	১৩। গ	১৪। ঘ	১৫। ক
১৬। ক	১৭। খ	১৮। খ	১৯। গ	২০। গ	২১। খ	২২। গ	২৩। ক	২৪। ক	২৫। খ	২৬। গ	২৭। খ	২৮। খ	২৯। ঘ	৩০। ক